

প্রতিবন্ধীদের উচ্চ শিক্ষার সুযোগ বৃদ্ধির পদক্ষেপ নিতে ইউজিসি'র আশ্বাস বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আলোচনা করা হবে : অধ্যাপক নজরুল ইসলাম

স্টাফ রিপোর্টার : উচ্চশিক্ষা অর্জনের ক্ষেত্রে প্রতিবন্ধীদের সুযোগ বাড়ানতে পদক্ষেপ নেয়ার আশ্বাস দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল (শনিবার) রাজধানীর এলজিইডি, ডবনে জাতীয় প্রতিবন্ধী ফোরামের এক সভাবিনিময় সভায় উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রতিবন্ধীদের কোটা সংরক্ষণসহ বিভিন্ন সুযোগ বাড়ানোর দাবী জানানো হয়। বিষয়টির যৌক্তিকতা স্বীকার করে সভাবিনিময় সভায় ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম বলেন, উচ্চ শিক্ষা অর্জনের ক্ষেত্রে কোটা সংরক্ষণসহ প্রতিবন্ধীদের সুযোগ বাড়ানোর জন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে ইউজিসি আলোচনা করবে। 'উচ্চ শিক্ষায় প্রতিবন্ধী শিক্ষার্থী : বিদ্যমান প্রতিবন্ধকতা ও উত্তরণের উপায়' শীর্ষক এই সভাবিনিময় সভায় অধ্যাপক নজরুল ইসলাম বলেন, দেশের ১০ ভাগ মানুষ বিভিন্নভাবে প্রতিবন্ধী। তাদের মেধা

আছে, সম্ভাবনা আছে। তাদের সুযোগ করে দিতে হবে। তিনি বলেন, প্রতিবন্ধীদের জন্য অবশ্যই সুষ্ঠু পরিকল্পনা ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বাড়ানো উচিত। এটা এখন জরুরী হয়ে পড়েছে। সভায় মূল প্রবন্ধে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা ও নীতিমালা প্রণয়ন ও তা বাস্তবায়ন, বিশ্ববিদ্যালয়ে বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য কোটা সংরক্ষণসহ বিভিন্ন সুপারিশ তুলে ধরা হয়। মূল প্রবন্ধ পড়ে শোনান প্রতিবন্ধী ফোরামের সহকারী সমন্বয়কারী মোশারফ হোসেন, কুইয়া। জাতীয় প্রতিবন্ধী ফোরামের সভাপতি বন্দকার জহুরুল আলমের সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক হনসুর আহমেদ চৌধুরী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন ড. এস এম আর রায়হান, ড. ফকির রফিকুল আলম প্রমুখ।